



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা  
(তথ্য ও অভিযোগ শাখা)  
www.dcrangamati.gov.bd




অভিযোগ প্রতিকার বিষয়ক অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহাম্মদ মিজানুর রহমান, জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা  
সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ  
সভার তারিখ : ২০ মার্চ ২০২২  
সময় : বেলা ১২.৩০ টা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সকল সরকারি দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা বা পণ্যের মান সম্পর্কে জনগণের অসন্তোষ, মতামত বা পরামর্শ থাকতে পারে। সরকারি কর্মকর্তা/কর্মচারীরাও একইভাবে যেকোন সেবার বিপরীতে তাদের অভিযোগ জানাতে পারে। অভিযোগকারী নাগরিককে তাঁর অভিযোগের বিষয়ে যে কোন ধরনের অগ্রগতি বা সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা এবং যে কোন বিষয়ে তাঁর মূল্যবান মতামত বা পরামর্শ মূল্যায়ন করা জিআরএস (Grievance Redress System) এর অন্যতম উদ্দেশ্য। সকল সরকারি/বেসরকারি কর্মকর্তাকে জনগণের অভিযোগ ও পরামর্শ শুনে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সহজসাধ্য কৌশল নিরূপণ ও ভবিষ্যৎ করণীয় পর্যালোচনা করা হয়।	১। www.grs.gov.bd এই প্ল্যাটফর্মে অভিযোগ দাখিলের বিষয়ে জনগণকে আরো উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত রেজিস্টার ও এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন তৈরী করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসন, সরকারি দপ্তরসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা
২.	বিভিন্ন প্রশিক্ষণে GRS এর অন্তর্ভুক্তকরণ বিষয়ে আলোচনা করা হয়।	সরকারি কার্যালয়সমূহ কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে GRS অন্তর্ভুক্তকরণ বিষয়ে নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসন, সরকারি দপ্তরসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা
৩.	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের সভায় নাগরিকদের সুবিধামত স্থানে অভিযোগ বক্স স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল দপ্তরে অভিযোগ বক্স স্থাপন করা হয়নি সে সকল দপ্তরকে সুবিধামত স্থানে অভিযোগ বক্স স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলাপ্রশাসন, সরকারি দপ্তরসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা
৪.	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল দপ্তরে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি কার্যক্রম সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্যাদি এবং কর্মকর্তার দায়িত্বের বিবরণ নিজ কার্যালয়ে দৃশ্যমান স্থানে প্রকাশ করা হয়নি সে সকল দপ্তরকে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসন, সকল সরকারি দপ্তরসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা
৫.	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সচেতনতা কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তি সরাসরি/ওয়েবসাইট/ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে অভিযোগ করার বিষয়ে সচেতনতা কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসন, সরকারি দপ্তরসমূহ রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
(মোহাম্মদ মিজানুর রহমান)

জেলাপ্রশাসক

ও

সভাপতি

ফোন : ০২৩৩৩৩৭১৬৩২

ফ্যাক্স : ০২৩৩৩৩৭১৬০৬/০২৩৩৩৩৭১৯৪৯

e-mail: dcrangamati@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২১১.০২.০১২.২২- ৪৬

তারিখ: ২২.০৩.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। .....রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....রাঙ্গামাটি পার্বত্য জেলা।



(মোহাম্মদ মিজানুর রহমান)

জেলাপ্রশাসক

রাঙ্গামাটি পার্বত্য জেলা